দৈনিক ইনকিলাব

তারিখ ...12 JUL 1993...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮...

# সরকার দেশে গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু করছে
## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার দেশের জনগণের অবস্থার উন্নয়নের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাচ্ছে। তিনি বলেন, বিএনপি গণমুখী রাজনীতিতে বিশ্বাসী এবং সততা, ত্যাগ ও নিষ্ঠার সাথে জনগণের কল্যাণ সাধনের লক্ষ্যে কাজ করছে।

শিক্ষামন্ত্রী গতকাল ঢাকার কেরানীগঞ্জ নয়াবাজার কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে এক সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। কলেজের অধ্যক্ষ বাবু সুসেন চন্দ্র রায়ের সভাপতিত্বে এ অনুষ্ঠানে স্থানীয় জাতীয় সংসদ সদস্য আমান উল্লাহ আমান ও জাতীয়তাবাদী ছাত্র দলের কেন্দ্রীয়

শেষ পৃঃ ২-এর কঃ দেখুন

## শিক্ষামন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

কমিটির সভাপতি ফজলুল হক মিলন বক্তৃতা করেন। তথ্য বিবরণী।

শিক্ষামন্ত্রী বলেন, বিএনপি উৎপাদনের রাজনীতি করে এবং সম্পদের সীমাবদ্ধতা সত্ত্বেও প্রতিটি নির্বাচনী ওয়াদা পূরণ করেছে। তিনি বলেন, বর্তমান সরকার একটি সুখী ও সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে দু'হাজার সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করতে প্রতিশ্রুতিবদ্ধ।

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কর্মসূচী সফল করে দেশে একটি গণমুখী শিক্ষা ব্যবস্থা চালু করছে। তিনি বলেন, সরকার শিক্ষাঙ্গনকে সন্ত্রাস ও সেশনজটের হাত থেকে মুক্ত করার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে এবং দেশে বিজ্ঞান ও প্রযুক্তিগত শিক্ষার প্রসার সাধনের পদক্ষেপ নিচ্ছে। তিনি সরকারের শিক্ষা কর্মসূচীকে সফল করে তোলার লক্ষ্যে সাধ্যমত অবদান রাখার জন্য সকলের প্রতি আহবান জানান।

আমান উল্লাহ আমান এমপি বলেন, বর্তমান সরকার দেশের উন্নয়নের লক্ষ্যে ব্যাপক উন্নয়ন কর্মসূচী হাতে নিয়েছে। এর আগে শিক্ষামন্ত্রী নয়াবাজার কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং সেখানে একটি গাছের চারা রোপণ করেন।